শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদরাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড,রমনা,ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৩.০২. ০১৬.( ইনডেক্স-সংশো:) ১৭- ৪৪৪ তারিখ ১৪.০৬.২০১৭খ্রি: ।

## অফিস আদেশ:

ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, বিভিন্ন মাদরাসা থেকে MPO Sheet এ থাকা শিক্ষক/কর্মচারীর ভুল ইনডেক্স সংশোধনের জন্য এ অধিদপ্তরে আবেদন পাওয়া যাচ্ছে।

০২. ভুল ইনডেক্স সংশোধন সংক্রান্ত উক্ত আবেদনগুলোর সাথে প্রয়োজনীয় তথ্য না থাকায় নিষ্পত্তির লক্ষ্যে কার্যক্রম গ্রহণ করা যাচ্ছে না। ভুল ইনডেক্স নাম্বার সংশোধন সংক্রান্ত উক্ত আবেদনগুলো নিষ্পত্তির জন্য নিম্নবর্ণিত তথ্য প্রয়োজন-

(ক) ভুল ইনডেক্স সম্বলিত MPO Sheet কোন বৎসরের কোন মাসে প্রথম প্রকাশিত হয়েছে ?

(খ) ভুল ইনডেক্স সম্বলিত প্রথম প্রকাশিত MPO Sheet এ বর্ণিত জন্ম তারিখটি সঠিক কিনা ?

(গ) ভুল ইনডেক্স সম্বলিত প্রথম প্রকাশিত MPO Sheet এ বর্ণিত ভুল ইনডেক্সটি সঠিক না হয়ে থাকলে এ যাবৎ ভুল ইনডেক্স সম্বলিত কতটি MPO Sheet প্রকাশিত হয়েছে (মাস ও বছর উল্লেখক্রমে) ?

(ঘ) MPO Sheet এ থাকা ভুল ইনডেক্সটি যে ভুল তা প্রথম কবে সনাক্ত হয়েছে (তারিখ উল্লেখক্রমে) ?

(ঙ) MPO Sheet এ থাকা ভুল ইনডেক্সটি যে ভুল তা কিসের ভিত্তিতে সনাক্ত হয়েছে (প্রমাণক উল্লেখসহ) ?

(চ) MPO Sheet এ থাকা ভুল ইনডেক্সটি যে ভুল তা প্রথম সনাক্ত হওয়ার পর এটা সংশোধনের জন্য কি কি পদক্ষেপ গ্রহণ করা হয়েছে (প্রমাণকসহ)?

(ছ) MPO Sheet এ থাকা ভুল ইনডেক্সটি সনাক্ত হওয়ার পর এটা সংশোধনের জন্য গৃহীত পদক্ষেপের ফলাফল কি (প্রমাণকসহ) ?

(জ) বর্তমানে MPO Sheet এ থাকা ভুল ইনডেক্সটি সংশোধনের প্রয়োজনীয়তা সৃষ্টি হওয়ার কারণ কি ?

(ঝ) বর্তমানে MPO Sheet এ থাকা ভুল ইনডেক্সটি সংশোধন ছাড়া এ সমস্যাটি সমাধানের অন্য কোন বিকল্প উপায় আছে কি-না ? তা কি (বিস্তারিত তথ্য প্রমাণকসহ) ?

(ঞ) MPO Sheet এ থাকা ভুল ইনডেক্সটি সংশোধনীর বিষয়ে মাদরাসা প্রধানের কোন গাফলতি আছে কি-না ?

(ট) এ বিষয়ে জেলা শিক্ষা অফিসারের মতামত কি?

০৩. এমতাবস্থায় উপরিউক্ত তথ্য বিবেচনায় নিয়ে MPO Sheet এ থাকা ভুল ইনডেক্স সংশোধনের আবেদন মাদরাসা প্রধানের সুপারিশসহ জেলা শিক্ষা অফিসারের মাধ্যমে দাখিলের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

১৪.৬.১৭

(মোঃ বিল্লাল হোসেন)
মহাপরিচালক
টেলিফোন নং- ৯৩৫৭০৫৯
ই-মেইল- dgdmeb@gmail.com

বিতরণ : জেলা শিক্ষা অফিসার:

ঢাকা/মুন্সিগঞ্জ/মানিকগঞ্জ/গাজীপুর/নরসিংদী/নারায়ণগঞ্জ/কিশোরগঞ্জ/টাঙ্গাইল/ফরিদপুর/রাজবাড়ী/গোপালগঞ্জ/মাদরীপুর/শরিয়তপুর/ময়মনসিংহ/নেত্রকোণা/জামালপুর/শেরপুর/চট্টগ্রাম/খাগড়াছড়ি/বান্দরবান/রাঙ্গামাটি/কক্সবাজার/কুমিল্লা/ব্রাহ্মণবাড়িয়া/চাঁদপুর/নোয়াখালি/ফেনী/লক্ষীপুর/রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট/খুলনা/বাগেরহাট/সাতক্ষীরা/যশোর/ঝিনাইদহ/নড়াইল/কুষ্টিয়া/মেহেরপুর/মাগুরা/চুয়াডাঙ্গা/সিলেট/মৌলভীবাজার/সুনামগঞ্জ/হবিগঞ্জ/বরিশাল/পটুয়াখালি/ঝালকাঠি/ভোলা/বরগুনা/পিরোজপুর/রংপুর/নীলফামারী/লালমনিরহাট/গাইবান্ধা/কুড়িগ্রাম/দিনাজপুর/ঠাকুরগাঁও/পঞ্চগড়।

অধ্যক্ষ: আলিম, ফাযিল,কামিল মাদরাসা (সকল)
সুপার: দাখিল মাদরাসা (সকল)
অনুলিপি:
১.সচিব,শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ,ঢাকা।
২.অফিস কপি।